



02

## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার ঢাকা-১২১৫।

ফোনঃ চেয়ারম্যান- ৫৫০১৩৭১৩, সার্বক্ষণিক সদস্য-৫৫০১৩৭১৫, সচিব- ৫৫০১৩৭১৭

ই-মেইল [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd) ওয়েব : [www.nhrc.org.bd](http://www.nhrc.org.bd)

স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/Suomoto/৫২/১৯-৪০৬২

তারিখ: ৩০/১০/২০১৯

বিষয়: মনপুরার চরে মাকে ধর্ষণ, স্পিডবোটে শিশুর কান্না সংক্রান্ত অভিযোগের তদন্ত।

২৮ অক্টোবর ২০১৯ 'প্রথম আলো' পত্রিকায় 'মনপুরার চরে মাকে ধর্ষণ, স্পিডবোটে শিশুর কান্না' শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদে উল্লেখ করা হয় যে, আড়াই বছরের শিশুকে নিয়ে এক মা (২৪) স্পিডবোটে করে ভোলার চরফ্যাশন থেকে মনপুরায় যাচ্ছিলেন। মাঝপথে জোর করে নৌযানটি থামিয়ে ওই নারীকে একটি চরে নিয়ে ধর্ষণ করেন চার যাত্রী। এ সময় স্পিডবোটের মধ্যে চিৎকার করে কাঁদছিল ওই নারীর শিশুসন্তানটি। ধর্ষণের খবর পেয়ে স্পিডবোটটির মালিক সাকুচিয়া ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সভাপতি নজরুল ইসলাম ঘটনাস্থলে যান। এরপর তিনিও ওই নারীকে ধর্ষণ করেন। এই অভিযোগে গত ২৬/১০/২০১৯ তারিখ শনিবার রাতে ওই নারী মনপুরা থানায় ছয়জনের বিরুদ্ধে মামলা করেছেন। আসামিদের মধ্যে স্পিডবোটের মালিক নজরুল ইসলাম, যাত্রী বেলাল পাটোয়ারী, রাশেদ পালোয়ান, শাহীন খান ও মো.কিরনের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ আনা হয়েছে। ধর্ষণে সহযোগিতার অভিযোগ আনা হয়েছে স্পিডবোট চালক মো. রিয়াজের বিরুদ্ধে।

০২। অভিযোগের বিষয়টি মানবাধিকারের লঙ্ঘন। এ বিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করার জন্য আদিষ্ট হয়ে তাঁকে অনুরোধ করা হল। এই সঙ্গে পত্রিকার ছয়ালিপি প্রেরণ করা হল।

সংযুক্ত: ০২ পাতা।

সিনিয়র সচিব  
জননিরাপত্তা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩০/১০/১৯  
(আল-মাহমুদ ফায়জুল কবীর)  
পরিচালক (অভিযোগ ও তদন্ত)  
(জেলা ও দায়রা জজ)  
ফোনঃ ৫৫০১৩৭১৮(দপ্তর)